দৈনিক
ইত্তেফাক

তারিখ: 12 OCT 2014
পৃষ্ঠা ... কলাম ...

দুই দফা দাবিতে প্রাথমিক শিক্ষকদের মানববন্ধন

■ ইত্তেফাক ডেস্ক

দুই দফা দাবিতে দেশের বিভিন্ন স্থানে গতকাল প্রাথমিক শিক্ষকদের মানববন্ধন ও সমাবেশ অনুষ্ঠিত হয়। এ বিষয়ে প্রতিনিধি ও সংবাদদাতাদের পাঠানো খবর।

ঝালকাঠি: সহকারী শিক্ষকদের প্রধান শিক্ষক পদে চলতি দায়িত্বসহ পদোন্নতি ও প্রধান শিক্ষকদের এইউইও পদে পদোন্নতি এবং সহকারী শিক্ষকদের প্রধান শিক্ষকের একধাপ নিচে ১১ তম বেতন নির্ধারণ ও প্রধান শিক্ষকদের দশম গ্রেডে বেতন নির্ধারণসহ করেসপন্ডিং স্কেল বাস্তবায়নের দুই দফা দাবিতে মানববন্ধন ও শিক্ষক সমাবেশ করেছে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিত ঝালকাঠি সদর উপজেলা শাখা।

কেন্দ্রিয় কর্মসূচির অংশ হিসেবে সদর উপজেলা পরিষদের সমানে আয়োজিত সমাবেশে উপজেলা শাখার সভাপতি মো. ফারুক খানের সভাপতিত্বে বক্তব্য রাখেন জেলা শাখার সভাপতি হাসান ঈমাম নান্নু, অন্যান্য শিক্ষকদের মধ্যে মো. নুরুল হক, শিমুল সুলতানা হ্যাপি, মু. আবু সুফিয়ান ইয়েন প্রমুখ।

পূর্বধলা (নেত্রকোনা): পূর্বধলায় বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি পূর্বধলা উপজেলা শাখার উদ্যোগে বুধবার বিকেলে এক মানববন্ধন অনুষ্ঠিত হয়। উপজেলা পরিষদ চত্বরে অনুষ্ঠিত মানববন্ধন শেষে উপজেলা শাখার সভাপতি মো. মুসলিম উদ্দিন ফকিরের সভাপতিত্বে এক সংক্ষিপ্ত আলোচনা সভায় বক্তব্য রাখেন মো. মফিজ উদ্দিন খান, আলী উছমান, মজিবুর রহমান খান, আব্দুল হামিদ, শামছুল হক, সন্ধ্যা রানী সরকার, আব্দুল মজিদ, রোকন উদ্দিন, আব্দুর রাজ্জাক, মো. মোস্তফা কামাল, আনোয়ার হোসেন তফছি, সাহাব উদ্দিন ফকির, রবিন্দ্র চন্দ্র দেব নাথ, জাহের আলী, মোখলেছুর রহমান, নার্গিস আক্তার, সিলিয়া আক্তার জাহান, আনোয়ারুল হক, মুঞ্জুরুল হক, আবুল কালাম প্রমুখ।

ধোবাউড়া (ময়মনসিংহ): প্রাথমিক শিক্ষক সমিতি ধোবাউড়া শাখার উদ্যোগে মানববন্ধন কর্মসূচি উপজেলা পরিষদ চত্বরে পালন করা হয়। শিক্ষক সমিতির ধোবাউড়া শাখার সভাপতি মো. নজরুল ইসলাম ও সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমান মোস্তাকের নেতৃত্বে মানববন্ধনে সর্বস্তরের শতাধিক শিক্ষক অংশগ্রহণ করেন।

মতলব দক্ষিণ (চাঁদপুর): শিক্ষক সমিতি মতলব দক্ষিণ উপজেলা শাখার উদ্যোগে উপজেলা পরিষদ চত্বরে শিক্ষকদের মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি মতলব দক্ষিণ উপজেলা শাখার সভাপতি জেসমিন সুলতানা, সহ-সভাপতি নুরুল ইসলাম মুন্সী, সদস্য কাজল কুমার দে, সোহরাব হোসেন, মামুন মিয়া, সুইটি শিরিন, মনোয়ারা বেগম, স্বপ্না রানী গোপ, নাজনীন আক্তার, আ. সালাম, মাহমুদুল হাসান, আনিছুর রহমান, হারুন পাটওয়ারী, ফয়েজ আহমেদসহ বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

নলছিটি (ঝালকাঠি): উপজেলা পরিষদ চত্বরে গতকাল বুধবার সকালে মানববন্ধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে বক্তব্য রাখেন প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি মাওলানা হেলালুজ্জামান, সহকারী শিক্ষক সমাজের সভাপতি মো. নাজমুল হায়দার বাদল, প্রধান শিক্ষক সমিতির সভাপতি মো. এমদাদুল হক, শিক্ষক নেতা মো. নজরুল ইসলাম, হুমায়ুন কবির মামুন, মিজানুর রহমান লিমন প্রমুখ।